দৈনিক বাংলা

তারিখ 27 SEP 1991
পৃষ্ঠা ........ কলাম ........

83

## ছাত্রাবাস থেকে বিপুল অস্ত্র উদ্ধার : গ্রেফতার ১২

# গুলিতে ছাত্র নিহত : আহত ৫ : রংপুর মেডিক্যাল কলেজ বন্ধ ঘোষণা

।। নিজস্ব সংবাদদাতা ।।

রংপুর, ২৬শে সেপ্টেম্বর।–প্রতিপক্ষের গুলিতে একজন ছাত্র নিহত ও ৫ জন আহত হওয়ার ঘটনার পর রংপুর মেডিক্যাল কলেজ আজ থেকে অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে।

একাডেমিক কাউন্সিল আজ সকালে এ সিদ্ধান্ত নেয়। সকাল ১০ টার মধ্যে আবাসিক ছাত্র/ছাত্রীরা হল ছেড়ে চলে গেছে।

পুলিশ এক অভিযান চালিয়ে এ ঘটনার ব্যাপারে ১২ জনকে গ্রেফতার করেছে এবং বিপুল পরিমাণ অস্ত্রশস্ত্র উদ্ধার করেছে।

জানা গেছে গতকাল বুধবার রাত সাড়ে ১২ টায় মেডিক্যাল কলেজের পিনু ছাত্রাবাসের ৬৪ নং কক্ষে একদল ছাত্রলীগ (না–শ) কর্মী অবস্থানকালে প্রতিপক্ষ দলের সশস্ত্র

(শেষ পৃঃ ৭–এর কঃ দ্রঃ)

DHAKA

## গুলিতে ছাত্র নিহত

(প্রথম পৃঃ পর)

কর্মীরা জানালা দিয়ে তাদের উপর গুলি বর্ষণ করে। গুলিতে হাবিবুজ্জামান হাবিব নামে একজন ছাত্র ঘটনাস্থলে নিহত হয়। সে রংপুর কারমাইকেল কলেজের অংক প্রথম বর্ষ সম্মান এর ছাত্র। গুলিতে আহত অন্যরা হচ্ছে মণ্ডলা, রিপন, মাহমুদ, আনোয়ার ও রিপন। তাদের মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনার সময় বাইরে ২৫/৩০টি ককটেল বিস্ফোরণ ঘটে ও আরো ১০/১৫ রাউন্ড গুলির শব্দ শোনা যায়।

ঘটনার পরপর পুলিশ ক্যাম্পাসে যায় এবং পিনু ছাত্রাবাস ও পার্শ্ববর্তী এলাকায় তল্লাশী চালিয়ে ১টি কাটা রাইফেল, ১টি পিস্তল, ৩টি ককটেল, ২৩টি চাইনীজ কুড়াল, ১২টি তলোয়ার, ৮টি ছোরা, রামদা ও বহু রড হকি স্টিক; উদ্ধার করে। পুলিশ এ সময় ১২ জনকে গ্রেফতার করে ও ঢাকা–ল–১২০৫ নম্বরের একটি অগ্নিদগ্ধ মোটর সাইকেল উদ্ধার করে।

ছাত্রলীগ (না–শ) ঘটনার জন্য ছাত্রদলের সশস্ত্র কর্মীদের দায়ী করেছে। ছাত্রলীগ (না–শ) নেতা ও মেডিক্যাল কলেজ ছাত্র সংসদের ভিপি সৈয়দ মামুনুর রহমান ঘটনার জন্য ছাত্রদলের কর্মীদের দায়ী করে বিবৃতি দিয়েছেন এবং ২০ জন ছাত্রদলের নেতা কর্মীর নামে কোতোয়ালি থানায় মামলা দায়ের করেছেন।

নিহত হাবিবের লাশ আজ সন্ধ্যায় শহরের মুন্সিপাড়া গোরস্থানে দাফন করা হয়। তার নামাজে জানাজায় বিপুল সংখ্যক লোকের সমাগম ঘটে।

ছাত্রলীগ (না–শ) এ ঘটনার প্রতিবাদে আগামীকাল (শনিবার) শহরে অর্ধদিবস হরতাল আহ্বান করেছে। শহরে ও কলেজ এলাকায় তীব্র উত্তেজনা বিরাজ করেছে। শহরে পুলিশ ও বিডিআর প্রহরা জোরদার করা হয়েছে।

### কেন্দ্রীয় ছাত্রলীগ (না–শ)

আমাদের বিশ্ববিদ্যালয় রিপোর্টার জানান, ছাত্রলীগ (না–শ) সভাপতি নাজমুল হক প্রধান ও সাধারণ সম্পাদক শফী আহমদ এক যুক্ত বিবৃতিতে সংগঠনের রংপুর কারমাইকেল কলেজ শাখার নেতা হাবিবের হত্যাকান্ডের তীব্র নিন্দা করেছেন। তারা অভিযোগ করেন যে, সরকারী ছাত্র সংগঠন জাতীয়তাবাদী ছাত্রদলের অস্ত্রধারীদের হামলায় হাবিব নিহত হন।

### মাহবুবুল হক

বাসদ আহবায়ক আ ফ ম মাহবুবুল হক এক বিবৃতিতে রংপুরে ছাত্র দলের সশস্ত্র হামলায় ছাত্র লীগ (না শ) কর্মী হাবিব নিহত হাওয়ার ঘটনার নিন্দা করেছেন। তিনি সন্ত্রাসীদের গ্রেফতার ও বিচার দাবী করেছেন।

বিবৃতিতে তিনি বলেন, ক্ষমতাসীন দল সন্ত্রাস দমন না করে দলীয় কর্মীদের হাতে অস্ত্র তুলে দিয়ে সন্ত্রাস সৃষ্টি করছে। রংপুরের ছাত্রলীগ (না–শ) কর্মীদের উপর হামলা তার প্রমাণ।

### জাসদ (ইনু)

জাসদ সভাপতিমন্ডলীর সদস্য কাজী আরেফ আহমদ ও সাধারণ সম্পাদক হাসানুল হক ইনু আলাদা এক বিবৃতিতে রংপুরের ছাত্রলীগ কর্মী হাবিব হত্যাকান্ডের নিন্দা এবং ঘটনার সাথে জড়িত সকলকে গ্রেফতার, বিচার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবী জানান। খবর বিজ্ঞপ্তির।